

ছাত্র রাজনীতির গল্প 'দ্য ইউনিভার্সিটি অব চানখাঁরপুল', অবশেষে 'হল পেল'

ঈদে একসঙ্গে অনেকগুলো সিনেমা মুক্তি পাওয়ার কারণে হল বরাদ্দ নিয়ে জটিলতা তৈরি হয়।



'দ্য ইউনিভার্সিটি অব চানখাঁরপুল' সিনেমার পোস্টার।

নিজস্ব প্রতিবেদক · বিভিডিউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 12 Jun 2026, 11:34 AM

26 Shares

ঈদে মুক্তির কথা থাকলেও হল অনিশ্চয়তায় থাকা 'দ্য ইউনিভার্সিটি অব চানখাঁরপুল' নামের সিনেমাটি এখন প্রেক্ষাগৃহ পেয়েছে।

গুজবের থেকে দেশের দুইটি মাল্টিপ্লেক্সে চলবে সিনেমাটি।

সিনেমার পরিচালক আকাশ হক গ্লিটজকে বলেছেন, 'দ্য ইউনিভার্সিটি অব চানখাঁরপুল' মাল্টিপ্লেক্স চেইন স্টার সিনেপ্লেক্স এবং লায়ন সিনেমাসে মুক্তি পাচ্ছে।"

কোরবানির ঈদে সিনেমাটি মুক্তি পাওয়ার কথা ছিল। তবে একসঙ্গে অনেকগুলো সিনেমা মুক্তি পাওয়ার কারণে হল বরাদ্দ নিয়ে জটিলতা তৈরি হয়।

সেমসয় আকাশ গ্লিটজকে বলেছিলেন, "আমরা ঘোষণা দিয়েছি যেহেতু ঈদে রিলিজ দেব। প্রিপারেশন নিচ্ছি। তবে এখনো সব কনফার্ম করতে পারিনি। এই বছর অনেকগুলো সিনেমা একসঙ্গে মুক্তি দেওয়ার চেষ্টা করছে, তাই প্রথম দিন না পেলেও যেকোনো এক সময় অর্থাৎ মুক্তির এক সপ্তাহের মধ্যেই আমরা যে কোনো সিনেমা হলে মুক্তি দিতে পারব।"

বাজেট সীমাবদ্ধতার কথা জানিয়ে আকাশ বলেছিলেন, "এটা ইন্ডিপেন্ডেন্ট ফিল্ম। শুধু সিনেমা বানাতে যত টাকা লাগবে অত টাকাই সংগ্রহ করা হয়েছে। অন্য সময় রিলিজ দিলে শুধু সিনেমার অস্তিত্ব জানান দিতেই যে পরিমাণ মার্কেটিং খরচ লাগত, সেটা দিয়ে আরেকটা সিনেমা বানানো যাবে। ঈদের সময় সিনেমা মুক্তি নিয়েই একটা আলোচনা থাকে। আমাদের যেহেতু বিনিয়োগকারী নিয়ে তাই এই ঈদের সময়ের মনোযোগ পেতেই সিনেমাটি মুক্তির সিদ্ধান্ত নেওয়া।"



দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের হল কালচার ও ছাত্র রাজনীতির বাস্তব চিত্রকে কেন্দ্র করে নির্মিত হয়েছে সিনেমাটি।

সিনেমাটি নিয়ে আকাশ বলেন, "১৪২ মিনিট দৈর্ঘ্যের এটি রাজনৈতিক স্যাটায়ার সিনেমা। এতে সমাজে বিদ্যমান রাজনৈতিক ও সামাজিক দিককে তুলে ধরার একটা প্রয়াস আমাদের ছিল। সব মিলিয়ে 'দ্য ইউনিভার্সিটি অব চানখাঁরপুল' শুধু একটি সিনেমা নয়, বরং পরিচিত বাস্তবতাকে নতুন চোখে দেখার এক চেষ্টা। হাসি, ব্যঙ্গ আর বাস্তবতার মিশেলে সিনেমাটি এবারের উৎসবে দর্শকদের আলাদা করে ভাবাতে পারে।"

সিনেমায় অভিনয় করেছেন একগুচ্ছ নতুন মুখ। তারা হলেন-ববি বিশ্বাস, দেবদ্যুতি আইচ, রকি খান, চয়ন মণ্ডল, আবু সায়ীদ, ইফাদ হাসান ও এস এ জীবন এবং একটি বিশেষ চরিত্রে অভিনয় করেছেন সাহিত্যিক ও কবি আক্তারুজ্জামান আজাদ।

গুগল নিউজে বিভিডিউজ টোয়েন্টিফোর ডটকম কে ফলো করুন

চলচ্চিত্র

দ্য ইউনিভার্সিটি অব চানখাঁরপুল

স্টার সিনেপ্লেক্স


আরও পড়ুন



'তড়াতাড়ি স্বাভাবিক' হতে মাঠে ফিরছেন নাদিম



জাবি শিক্ষার্থীকে বিবস্ত্র করে নির্বাতন: নেত্রকোণায় ছাত্রলীগ নেতা গ্রেপ্তার



ইংলিশ চ্যানেলে রাশিয়ার 'শ্যাভো ফ্লিট' ট্যাংকার কজায় নিল ব্রিটিশ বাহিনী



ঢাকার খাল পুনরুদ্ধারে আলাদা দুটি কমিটি গঠন

আরও পড়ুন

মতামত

লেখা: জেরেমি করবিন | অনুবাদ: রাকিবুল রাকিব

ক্রান্তীয় বর্ণবাদ ও নেরাশাবাদে ঢাকা দ্যুতিহীন এক ফুটবল বিশ্বকাপ



শোয়েব সাম্য সিদ্দিক

বাজেটে সূজনশীল অর্থনীতি: ঘোষণা থেকে বাস্তবতার দূরত্ব কতটুকু?



রাসেল আহমদ

সাপে কামড়ায় গ্রামে, প্রতিবেদক থাকে শহরে



এম. টি. ইসলাম

শূন্যরেখায় মানবতা: রাষ্ট্রের নাগরিক চিনতে এতটা বেগ পেতে হবে কেন?



আরও পড়ুন

খবর	ফিচারস	অন্যান্য	খেপা	মতামত
বাংলাদেশ	লাইফস্টাইল	হ্যালো	খেলা	মতামত
সমগ্র বাংলাদেশ	গ্লিটজ	ভিডিও	ক্রিকেট	
বিশ্ব	টেক	ছবিদর		
রাজনীতি	আর্টস	ছবির গল্প		
অর্থ ও বাণিজ্য	কিডজ	সবিশেষ		
অর্থনীতি				
বাণিজ্য				
পুঁজিবাজার				
প্রবাস				
পরিবেশ				
বিজ্ঞান				
স্বাস্থ্য				
ক্যাম্পাস				